দর্শনায় ফেনসিডিলসহ মহিলা মাদক ব্যবসায়ী গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান চালিয়ে ২ বোতল ফেনসিডিলসহ চিহ্নিত মাদক ব্যবসায়ী মাছুরাকে (৪১) গ্রেফতার করা হয়েছে।

সে দর্শনা থানার আকন্দবাড়িয়া তামালতলা পাড়ার মৃত্য আবুল কালামের স্ত্রী।

জানাযায় গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে ৩ টার দিকে চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খানের নেতৃত্বে, অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া গ্রামের তমালতলা পাড়ার মৃত্য কালামের স্ত্রী মাছুরার বাড়িতে। তখন বাড়ি তল্লাশী করে ২ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন মামলার বাদী হয়ে উক্ত আসামির বিরুদ্ধে দর্শনা থানায় একটি নিয়মিত মামলা দায়ের করে। গতকালই তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

নবীনবরণ অনুষ্ঠানে ধুমপান, নিষেধ করাকে কেন্দ্র করে সংঘর্ষ গ্রেফতার ১

দামুড়হুদা উপজেলার লোকনাথপুর সহ-শিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ের নবীনবরণ অনুষ্ঠানে বহিরাগতরা ধুমপান করাকালে নিষেধ করায় স্কুলের ছাত্রদের সাথে বাকবিতন্ডায় জড়িয়ে সংঘর্ষের ঘটনা ঘটেছে। দেশিও অস্ত্র নিয়ে বিদ্যালয়ে প্রবেশ করলে স্থানীয় এলাকাবাসী ও বিদ্যালয়ের ছাত্ররা হাফিজকে উত্তম মাধ্যম দিয়ে দামুড়হুদা মডেল থানার পুলিশের হাতে তুলে দেন। এ সময় উৎসুক জনতা ঘটনাস্থলে একটি

মোটর সাইকেলে আগুন লাগিয়ে পুড়িয়ে দেন।

এই মর্মে লোকনাথপুর সহ-শিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিক কানিজ ফাতিমা বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন। আজ মঙ্গলবার বেলা ১২ টার দিকে লোকনাথপুর সহ- শিক্ষা মাধ্যমিক বিদ্যালয় স্কুল মাঠে এ ঘটনা ঘটে।

জানাযায়, দামুড়হুদা উপজেলার লোকনাথপুর সহ- শিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ে নবীনবরণ অনুষ্ঠান শুরু হয়। অতিথিদের উপস্থিতিতে অনুষ্ঠান শুরু হওয়ার পর পরই বহিরাগত কিছু ছেলেরা অনুষ্ঠানে উপস্থিত হয়। এসময় অনুষ্ঠানের আশেপাশে কিছু বহিরাগত ছেলেরা ধুমপান করার সময় অত্র বিদ্যালয়ের ছাত্ররা নিষেধ করিলে উভায়ের মধ্যে বাকবিতন্ডা শুরু হয়। এক প্রর্যায়ে হাতাহাতি শুরু হয়। পরে বহিরাগতরা ডুগডুগি থেকে চার পাঁচজন দেশিও অস্ত্র নিয়ে লোকনাথপুর সহ-শিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ে এসে মারামারি শুরু করে। এতে উভায় পক্ষের ১০/১১ জন আহত হয়। এ সময় স্থানীয় এলাকাবাসী ও বিদ্যালয়ের ছাত্ররা ডুগডুগি গ্রামের মৃণালের ছেলে হাফিজকে উত্তম মাধ্যম দিয়ে আটকে রাখে। পরে পুলিশকে খরব দিলে দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এস আই আসাদুজ্জামান আসাদের নেতৃত্বে তাকে থানা হেফাজতে নেন। লোকনাথপুর সহ- শিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিক কানিজ ফাতিমা বাদি হয়ে একটি লিখিত অভিযোগ দায়ের করেন।

হাউলী ইউনিয়ন ছাত্রলীগের যুগ্ম আহবায়ক অনিক বলেন, লোকনাথপুর সহ-শিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ে নবীনবরণ অনুষ্ঠানে চলাকালে হাফিজ ওরফে সোয়ায়েব ধুমপান করার সময় তাকে নিষেধ করা হয়।

এতে তারা রাগ্ননিত হয়ে আমাদের মারতে থাকে। তখন স্থানীয় এলাকাবাসী ও ছাত্ররা এগিয়ে আসলে তারা পালিয়ে গিয়ে চার পাঁচজন দেশিও অস্ত্র জি আই পাইপ নিয়ে আমাদের মারতে থাকে। এতে লোকনাথপুর গ্রামের অনিক, সাকিব, লিমন, আসিব, তামিম, শাকিল, রিফাত আহত হয়। পরে স্থানীয় এলাকাবাসী ও ছাত্রদের সহযোগিতায় হাফিজকে আটক করে পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

এ বিষয়ে লোকনাথপুর সহ-শিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিক কানিজ ফাতিমাকে বারবার ফোন দিলেও সংযোগ পাওয়া যায়নি।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির সত্যতা নিশ্চিত করে বলেন, লোকনাথপুর মাধ্যমিক বিদ্যালয়ে নবীনবরণ অনুষ্ঠানে মারামারি ঘটনায় হাফিজ ওরফে সোয়ায়েব নামের একজনকে আটক

করা হয়েছে। অত্র বিদ্যলয়ের প্রধান শিক্ষিক কানিজ ফাতিমা বাদি হয়ে একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

দামুড়হুদায় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগীতা ও পুরস্কার বিতরনী

দামুড়হুদা উপজেলার ডুগডুগী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে হাউলী ইউনিয়নের সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের আয়োজনে ও ইউনিয়ন পরিষদের সহযোগিতায় জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা-২০২৪ ও পুরস্কার বিতরনী অনুষ্ঠিত। আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৩টার দিকে।

দামুড়হুদা উপজেলা সহকারী শিক্ষা অফিসার শাহরিয়ার কবিরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন। তিনি বলেন এ ধরনের আয়োজন আমাদের সন্তানদের জন্য সুফল বয়ে আনবে। তারা পড়াশোনার পাশাপাশি খেলাধুলায় মনযোগী হবে। এসময় তিনি এ ধরনের আয়োজনে ইউনিয়নের সকল প্রতিষ্ঠানের পাশে থাকবার দৃঢ় অঙ্গীকার ব্যাক্ত করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা অফিসার মোঃ আবু হাসান, হাউলী ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান শহিদুল ইসলাম, ডুগডুগী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আকবার আলী, জয়রামপুর বৈটতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিক মোছাঃ শামীমা আক্তার, জয়রামপুর মাঠ পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিক মমতাজ বেগম, লোকনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিক জেনিফা খাতুন, জয়রামপুর স্টেশন পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিক রুমানা আফরোজ রিয়া, দুধপাতিলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিক শাহনাজ পারভীন ঝর্নাসহ হাউলী ইউনিয়নের সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন লোকনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আক্তারুল ইসলাম।

দামুড়হুদা গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ে বিদায় ও বরণ অনুষ্ঠিত

দামুড়হুদার গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরণ, এসএসসি ২০২৪ সালের পরীক্ষার্থীদের বিদায়, বার্ষিক বনভোজন ও কৃতিশিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১১ টার সময় অত্র বিদ্যালয়ের আয়োজনে বিদ্যালয় প্রাঙ্গণে বিদায় ও বরণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। প্রধান অতিথির বক্তব্যে আলী মুনছুর বাবু বলেন, স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল সোনার বাংলাদেশ গড়ার। এদেশের মানুষ সুশিক্ষায় শিক্ষিত হবে দেশকে এগিয়ে নেবে। পৃথিবীর বুকে বাংলাদেশ নামক রাষ্ট্র মাথা উঁচু করে দাঁড়াবে। এর জন্য অবশ্যই এ জাতিকে সুশিক্ষায় শিক্ষিত হতে হবে। শিক্ষার কোন বিকল্প নেই। তারই ধারাবাহিকতায় বর্তমান প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা শিক্ষা খাতকে এগিয়ে নিতে এদেশের মানুষকে শিক্ষিত করে গড়ে তুলতে নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন। দেশে প্রচুর পরিমাণে স্কুল কলেজ মাদ্রাসা স্থাপন করা হয়েছে শুধুমাত্র এ জাতিকে শিক্ষিত করার জন্য। দেওয়া হচ্ছে শিক্ষা উপবৃত্তি, বিনামূল্যে বই বিতরণ করা হচ্ছে, শিক্ষার্থীদের দেওয়া হচ্ছে বাইসাইকেল। সকল রকমের সুযোগ সুবিধা সৃষ্টি করছেন জননেত্রী শেখ হাসিনা। কারণ তিনি জানেন এদেশের মানুষ যদি শিক্ষিত হয় তাহলে দেশ এগিয়ে যাবে। দেশ উন্নয়নের জোয়ারে ভাসবে। এদেশের মানুষ ভালো থাকবে। জননেত্রী শেখ হাসিনার হাত ধরে বাংলাদেশ এখন ডিজিটাল

বাংলাদেশে পরিণত হয়েছে। ২০৪১ সাল পর্যন্ত বাংলাদেশ স্মার্ট বাংলাদেশে রূপান্তরিত হবে। সে জন্য আমাদের সকলকে ঐক্যবদ্ধ ভাবে কাজ করতে হবে।

গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু’র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, উপজেলা আওয়ামী লীগ নেতা সেলিম উদ্দিন বগা, অত্র স্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম মন্ডল, সহকারি প্রধান শিক্ষক মো: ইকবাল হোসেন, সদর ইউপি সদস্য সুমন আলী, আওয়ামী লীগ নেতা ফরজ, সাহেব, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ সহ আমন্ত্রিত অতিথিবৃন্দ, সকল শিক্ষক শিক্ষিকা, কোমলমতি শিক্ষার্থী, অভিভাবক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিগণ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় পশু চিকিৎসক শামীম হোসেনকে ২০ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুর গ্রামের মহিউদ্দিনের ছেলে পল্লীপ্রাণী চিকিৎসক শামীম হোসেন কে মোবাইল কোর্টে ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। আজ মঙ্গলবার বিকাল ৩টার দিকে লোকনাথপুর ফিলিং স্টেশন এর সামনে।

জানা গেছে পল্লী প্রাণী চিকিৎসক শামীম হোসেনের কোনো কাগজপত্র নেই সে একজন ভুয়া পল্লী প্রাণী চিকিৎসক সে কারণে বাংলাদেশ ভেটেনারী কাউন্সিল আইন ২০১৯ এর ৩৮ ধারায় ২০ হাজার টাকা জরিমানা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস।

মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগীতা করেন দামুড়হুদা উপজেলা

প্রাণিসম্পদ কর্মকর্তা কৃষিবিদ নীলিমা আক্তার হ্যাপী।

এসময় আরো উপস্থিত ছিলেন উপজেলা ভেটেনারী সার্জন ডা: নাজমুল হাসান শাওন, কার্পাসডাঙ্গা লাইভস্টোক সার্ভিস প্রোভাইটার বিল্লাল হোসেন, রফিকুল ইসলাম প্রমুখ।

দর্শনায় কেরু উচ্চ বিদ্যালয়ে ৫২ তম বার্ষিক ক্রীড়া ও পুরস্কার বিতরন

ক্রীড়ায় বিকশিত হোক তারুণ্য এ স্লোগানকে সামনে রেখে দর্শনায় কেরু উচ্চ বিদ্যালয়ে ৫২ তম বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক পুরস্কার বিতরনী অনুষ্ঠান অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার সকাল ৮ টায় অনুষ্ঠানের শুরুতে কোরআন থেকে তেলোয়াত পাঠের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সৃচনা করে। পরে সাংস্কৃতিকের মাধ্যমে অনুষ্ঠান শুরু করে। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার ভিতরে ছাত্র ছাত্রীদের মধ্যে কবিতা আবৃতি, সঙ্গীত প্রতিযোগিতা, বিতর্ক প্রতিযোগিতা কুইজ শেষে নৃত্য প্রতিযোগিতা অনুষ্টিত হয়।

কেরু উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রহিমের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালকের সহধর্মিণী ফাতেমা খাতুন ও অনুষ্ঠানের শুভ উদ্ধোধন করেন, ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন, মহাব্যবস্থাপক কারখানা সুমন কুমার সাহা, মহাব্যবস্থাপক অর্থ আব্দুস ছাত্তার, মহাব্যবস্থাপক প্রশাসন ইউসুফ আলী, মহাব্যবস্থাপক কৃষি আশরাফুল আলম ভৃইয়া, কেরু শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ, সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, সহ সভাপতি মফিজুল ইসলাম, সহ সভাপতি রেজাউল করিম, সহ সম্পাদক হাফিজুর রহমান, সহ সম্পাদক মোস্তফিজুর রহমান,

সদস্য সেলিম খান, অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন সহাকারী শিক্ষক রাসেল আহম্মেদ শাওন।

দামুড়হুদায় উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা আইন-শৃঙ্খলা, চোরাচালান, সন্ত্রাস ও নাশকতা মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা ১০টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস এর সভাপতিত্বে মাসিক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির, দর্শনা থানার ওসি অপারেশন শফিউল আলম, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় ভিক্টোরিয়া জুবলি

সরকারি উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় ভিক্টোরিয়া জুবলি (ভিজে) সরকারি উচ্চ বিদ্যালয় কর্তৃক আয়োজিত চাঁদমারী মাঠে আজ সোমবার সকাল দশটার সময় বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, নতুন প্রজন্মকে দেশ ও জাতীয় চেতনার সাথে সম্পৃক্ত করতে তাদেরকে পরিপূর্ণভাবে ক্রীড়া ও সংস্কৃতি চেতনায় গড়ে তুলতে হবে। আমাদের তরুণরা খেলাধুলা ও সংস্কৃতি চর্চায় উৎকর্ষতা অর্জনের মাধ্যমেই আন্তর্জাতিক বিভিন্ন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হবার মতো বিজয় অর্জন করবে।

এ সময় তিনি আরও বলেন, বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা একজন ক্রীড়া প্রেমিক মানুষ। দেশ এবং দেশের মানুষ কিভাবে সবসময় উন্নতি লাভ করবে এটার জন্য সবসময় কাজ করে যাচ্ছেন তিনি। দেশ এবং দেশের বাইরে কিভাবে ক্রিড়ার মাধ্যমে আরও ব্যাপক হারে পরিচিত লাভ করা যায় এজন্য তিনি নতুন নতুন বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছেন ।

সকালে জাতীয় সঙ্গীতের মাধ্যমে পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে উৎসব শুরু হয়। দলগত ডিসপ্লে, মশাল প্রজ্জ্বলন, মার্চ পাস্টের পর বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক ইভেন্টের মধ্যে ছিল, চকলেট দৌড়, রিলে দৌড় সহ বিভিন্ন প্রতিযোগিতা

উক্ত আয়োজনে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও

আইসিটি) কবির হোসেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি রাজীব হাসান, সাধারণ সম্পাদক বিপুল আশরাফ, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ শেখ সেকেন্দার আলী সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তা পুলিশ প্রশাসনের কর্মকর্তা ও ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষকগণ সহ অভিভাবক বৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা বালিকা বিদ্যালয়ে সাইবার সচেতনতামূলক সেমিনার অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে চুয়াডাঙ্গা বালিকা বিদ্যালয়ের শ্রেণীকক্ষে আজ সোমবার সকাল সাড়ে এগারোটার সময় শিক্ষার্থীদের অংশগ্রহণে সাইবার সচেতনতামূলক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

উক্ত আয়োজনে চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকা দিল আরা চৌধুরীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোমলমতি শিক্ষার্থীদের সাইবার সচেতনতা ও বালিকা বিদ্যালয়ের নারী ক্রিকেটারদের সনদপত্র বিতরণ করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা।

প্রধান অতিথির বক্তব্যে পুলিশ সুপার বলেন, একজন নারী কখনো কন্যা কখনো জায়া এবং কখনো জননী। একটি সুন্দর সমাজ বিনির্মাণে মা তথা নারীর ভূমিকা অতুলনীয়। বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীবৃন্দ যেন স্কুলে আসা যাওয়ার পথে কিংবা সামাজিক যোগাযোগ মাধ্যমে ইভটিজিং বা সাইবার বুলিং এর শিকার না হয় সেজন্য জিরো টলারেন্স নীতি গ্রহণের কথা বলেন। এ ধরনের অপরাধ সংগঠিত হলে সরাসরি পুলিশ সুপারকে বিষয়টি সম্পর্কে অবগত করার অনুরোধ করেন। এছাড়া নারী ক্রিকেটারদের মাঝে সনদপত্র বিতরণ কালে পুলিশ সুপার একজন ক্রীড়া সংগঠক এবং ক্রীড়ানুরাগী ব্যক্তিত্ব হিসেবে ক্রিকেটসহ সব ধরনের

খেলাধুলায় বালিকা বিদ্যালয় এর শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ কে সাধুবাদ জানান।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ শেখ সেকেন্দার আলী, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ সহ অত্র বিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ।

দামুড়হুদায় ফেন্সিডিলসহ পুরাতন বাস্তপুরের হাসান আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযান চালিয়ে ১২ বোতল ফেন্সিডিলসহ একজনকে আটক করেছেন।

আটকৃত হাসান আলি(৩০) পুরাতন বাস্তপুর গ্রামের কিতাব আলির ছেলে।গতকাল রবিবার রাত সাড়ে ১০ টার দিকে হাউলী জয়রামপুর ফকিরপাড়া পাকা রাস্তার উপর থেকে ১২ বোতল ফেন্সিডিলসহ তাকে আটক করা হয়।

জানাযায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির এর নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে এস আই আসাদুজ্জামান আসাদ, এ এস আই মহানন্দ সঙ্গীয় ফোর্স নিয়ে দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর গ্রামের কিতাব আলির ছেলে হাসান আলিকে আটক করেন। পরে তার দেহ তল্লাশী করে ১২ বোতল ফেন্সিডিল উদ্ধার করে।

দামুড়হুদা মডেল থানায় তার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।